# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৩৬৮ তারিখ : ৩০ চৈত্র, ১৪৩২ / ১৩ এপ্রিল, ২০২৬

বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন ও সুষ্ঠু ব্যবহার প্রসঙ্গে।

১। স্মারক নং- ০৫.০০.০০০০.১৩০.০৪.০২১.২০-৯৬; তারিখ: ১৫ জানুয়ারী ২০২৫;
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ০৭-০৫-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৬ নং পরিপত্র;
৩। ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/১৫২; তারিখ: ০৪ জুলাই ২০২৪;
৪। ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/১৮০; তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫;
৫। ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/১৩৩০৫; তারিখ: ২৮ জানুয়ারী ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে কর্মকর্তা-কর্মচারীদের সতর্কতা অবলম্বন ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকারণ' এবং 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' রয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে বিশ্ববিদ্যালয়ে কর্মরত অনেকেই বিভিন্ন সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন ধরণের মন্তব্য করে বিভিন্ন পোস্ট দিয়ে বিভিন্ন ডকুমেন্টস শেয়ার বা স্ট্যাটাস দিয়ে থাকেন। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে উপরোক্ত নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

সংযুক্তি: ০৫ (পাঁচ) পাতা।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৩/৪/২০২৬

ফাহাদ আহম্মদ মোমতাজী
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/ ৮৩৮(৭) তারিখ : ৩০ চৈত্র, ১৪৩২ / ১৩ এপ্রিল, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. দপ্তর প্রধান (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৩. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি;
৪. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৫. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৬. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. অফিস নথি।

১৩/০৪/২৬

জাকির হোসাইন
সহকারী রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৩০.০৪.০২১.২০-৯৬ তারিখ : ০১ মাঘ ১৪২৬ / ১৫ জানুয়ারি ২০২০

বিষয় : সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে কর্মকর্তা-কর্মচারীদের সতর্কতা অবলম্বন ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ।

সূত্র : এ মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ০৭-০৫-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১০৬ নং পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ইদানিং লক্ষ্য করা যাচ্ছে সরকারি প্রতিষ্ঠানে কর্মরত কিছু সংখ্যক কর্মকর্তা-কর্মচারী সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের ব্যক্তিগত একাউন্টে 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯' অনুযায়ী পরিহারযোগ্য বিভিন্ন বিষয়ে পোস্ট দিচ্ছেন বা বিভিন্ন ডকুমেন্টস শেয়ার করছেন এবং ব্যক্তি/প্রতিষ্ঠান/সরকারকে বিব্রত করে স্ট্যাটাস দিচ্ছেন যা সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য সার্ভিস রুলস পরিপন্থী ও অগ্রহণযোগ্য আচরণ।

২.০ প্রজাতন্ত্রের দায়িত্বশীল কর্মকর্তা/কর্মচারী হিসাবে তাদের এ ধরনের কর্মকাণ্ড আচরণ বিধি লঙ্ঘনের শামিল, অনেকক্ষেত্রে জাতীয় নিরাপত্তার জন্য হানিকর এবং সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ।

৩.০ উল্লেখ্য, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের এ ধরনের বিভিন্ন ব্যত্যয়সমূহ পরিলক্ষিত হওয়ায় রেগুলেটরী মন্ত্রণালয় হিসাবে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ইতোমধ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

৪.০ এক্ষণে, তাঁর অধীন (দপ্তর/সংস্থাসহ) কর্মকর্তা-কর্মচারীদের 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯' এর সুষ্ঠু ব্যবহারের বিষয়ে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদানপূর্বক এ ধরনের প্রতিটি ব্যত্যয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯', 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯' এবং 'সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮' অনুসারে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ১ (এক) পাতা।

জামিলা শবনম
উপসচিব
ফোন : ২২৩৩৫৪৫৫৮
e-mail : sa1@mopa.gov.bd

১) সিনিয়র সচিব/সচিব
..................................মন্ত্রণালয়/বিভাগ [তাঁর অধীন (দপ্তর/সংস্থাসহ) কর্মকর্তা-কর্মচারীদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত কর্মকাণ্ড নিয়মিত তদারকি ও ব্যত্যয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি ৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর- ০৫.০০.০০০০.১৭০.০৮.০১৪.০৭-১৩৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭
০৭ মে ২০২০

## পরিপত্র

বিষয়: 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' প্রসঙ্গে।

সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' প্রণয়ন করা হয়। উক্ত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি প্রতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা এবং এ ক্ষেত্রে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার বিষয়ে উল্লেখ করা হয়।

০২। উল্লিখিত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যমে দাপ্তরিক এবং ব্যক্তিগত একাউন্ট তৈরি করা এবং এতে পরিহারযোগ্য বিষয়াদি উল্লেখ রয়েছে। এরূপ নির্দেশনার আলোকে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার গণকর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

(ক) সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(খ) জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে;

(গ) কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এরূপ কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(ঘ) জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোনো সার্ভিস/পেশাকে হেয় প্রতিপন্ন করে এমন কোনো পোস্ট দেয়া হতে বিরত থাকতে হবে;

(ঙ) লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না;

(চ) জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয় লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ বা শেয়ার করা যাবে না;

(ছ) ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রচার হতে বিরত থাকতে হবে;

(জ) অন্য কোনো রাষ্ট্র বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিরূপ মন্তব্য সম্বলিত কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে।

০৩। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবস্থাপনার ক্ষেত্রে 'কন্টেন্ট' ও 'ফ্রেন্ড' সিলেকশনে সকলকে সর্তকতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক কন্টেন্টের জন্য সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সে জন্য প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

07/05/2020

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/১৫২ তারিখ: ২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইদানিং প্রায়শই লক্ষ্য করা যাচ্ছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নাম ও লোগো ব্যবহার করে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, ইউটিউব, ম্যাসেন্জার, হোয়াটসঅ্যাপ, টুইটার) এ বিভিন্ন ধরণের তথ্য, সংবাদ বিজ্ঞপ্তি প্রচার করা হচ্ছে। প্রকৃতপক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ফেইসবুক পেইজ, ইউটিউব, ম্যাসেন্জার, হোয়াটসঅ্যাপ, টুইটারসহ এরূপ কোন প্রচার মাধ্যম নেই।

বিশ্ববিদ্যালয়ের নাম ও লোগো ব্যবহার যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে বা অন্য কোন মাধ্যমে কোন ধরনের তথ্য, সংবাদ বিজ্ঞপ্তি প্রচার না করার জন্য সকলকে অনুরোধ করা হলো এবং এসকল ফেইক মাধ্যমের তথ্যে কাউকে বিভ্রান্ত না হওয়ার জন্য সতর্ক করা হলো।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

04.07.2024
(ড. মোহাম্মদ কামরূল ইসলাম)
রেজিস্ট্রার
মোবা: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

CamScanner

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/১৮০ তারিখ: ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ইসলমি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

১। স্মারক নং- ০৫.০০.০০০০.১৩০.০৪.০২১.২০-৯৬; তারিখ: ১৫ জানুয়ারি ২০২৫;
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ০৭-০৫-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৬ নং পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ইসলমি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের ব্যক্তিগত একাউন্টে 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯' অনুযায়ী পরিহারযোগ্য বিভিন্ন বিষয়ে পোস্ট, বিভিন্ন ডকুমেন্টস শেয়ার বা স্ট্যাটাস প্রদানের বিষয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ (তিন) পাতা।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

৬/২/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবা: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/১৮০ তারিখ: ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ডিন (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. দপ্তর প্রধান (সকল ), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব-১ ও ২ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪. পি এস টু প্রো-ভিসি, প্রো-ভিসি দপ্তর-১ (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. পি এস টু প্রো-ভিসি, প্রো-ভিসি দপ্তর-২ (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. সেকশন অফিসার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য )।
৮. সহকারী পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. অফিস নথি।

০৬/০২/২০২৫

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার

CamScanner

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/১৩৩০৫

তারিখ : ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

১। স্মারক নং- ০৫.০০.০০০০.১৩০.০৪.০২১.২০-৯৬; তারিখ: ১৫ জানুয়ারী ২০২৫;
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ০৭-০৫-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৬ নং পরিপত্র;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের ব্যক্তিগত একাউন্টে 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯' অনুযায়ী পরিহারযোগ্য বিভিন্ন বিষয়ে পোস্ট, বিভিন্ন ডকুমেন্টস শেয়ার বা স্ট্যাটাস প্রদানের বিষয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ (তিন) পাতা।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/১৩৩০৫ (৮)

তারিখ : ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. ডিন (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. দপ্তর প্রধান (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়গণের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. অফিস নথি।

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

CamScanner